**এশিয়া ও আফ্রিকায় উন্নয়ন সহযোগিতা সম্প্রসারিত করছে ভারত ও যুকতোরাষ্ট্র**

আর্ন্তজাতিক উন্নয়ন কর্মসূচীর ত্রিমুখী সহযোগিতার উদ্দেশ্যে ভারত ও যুকতোরাষ্ট্র আজ নির্দেশিকা নীতি দলিল স্বাক্ষর করেছে। ভারতের পররাষ্ট্রমন্ত্রকের যুগ্মসচিব শ্রী কুমার তুহিন এবং যুকতোরাষ্ট্রের আর্ন্তজাতিক সহযোগিতার সংস্থা (USAID) –র মিশন অ্ধিকর্তা জন.এ. বিড দলিলটি স্বাক্ষর করেন।

ভারত-যুকতোরাষ্ট্র পঞ্চম স্ট্র্যাটেজিক বার্তালাপে আঞ্চলিক ও আর্ন্তজাতিক স্থায়ীত্ব এবং সমৃদ্ধির উদ্দেশ্যে ভারত-যুকতোরাষ্ট্র অংশীদারির অবদান চিহ্নিত হয়েছিল। তারই ফলস্রুতিতে স্বাক্ষরিত দলিলে এশিয়া ও আফ্রিকার উন্নয়ন বিষয়ক চ্যালেঞ্জগুলির সমাধান এবং এশিয়ায় যোগাযোগ বৃদ্ধি সুদৃঢ় করার লক্ষ্যে সহযোগিতা সম্প্রসারণের কাঠামোর উল্লেখ রয়েছে।

কৃষি,পুষ্টি,স্বাস্থ্য, নির্মল ও পুননর্বীকরণ বিদ্যুত শকতি,নারী ক্ষমতায়ণ,দুর্যোগ মোকাবিলা,পানীয় জল, নিষ্কাষণ এবং শিক্ষা সহ বহুমুখী ক্ষেত্রে অভিন্ন প্রতিবন্ধকতার মোকাবিলায় বিজ্ঞান,প্রযুকতি এবং উদ্ভাবনী শকতির ব্যবহারে ভারত এবং যুকতোরাষ্ট্র সহমত হয়েছে।

এই চুকতিটি উভয় রাষ্ট্রের যৌথভাবে তৃতীয় রাষ্ট্রের নেতৃত্বের গভীরভাবে চাহিদা-ভিত্তিক সহযোগিতা পালনে এবং উভয় দেশের যাবতীয় যৌথ ক্ষমতা ব্যবহার করায় অঙ্গীকারভুকতো।

ভারত ও যুকতোরাষ্ট্র প্রতিষ্ঠানগুলি সুদৃঢ় ও ক্ষমতা বৃদ্ধিতে তৃতীয় রাষ্ট্রের সংগে নিবিড়ভাবে সহযোগিতামুলক কাজ কাজ করবে। প্রাথমিক পর্যায়ে খাদ্য পরকিরিয়াকরণ ক্ষেত্রের জন্য আফ্রিকান সরকার, বেসরকারি ক্ষেত্র এবং শিক্ষাজগতের ব্যাকতিদের নিরন্তর প্রশিক্ষণ দেওয়ার উদ্যোগ নেওয়া হচছে এবং নারী ক্ষমতায়ণের উদ্দেশ্যে সহযোগিতা সম্প্রসারণ করা হচছে। সরকার পরিচালিত উদ্যোগগুলি ব্যতিত সহযোগিতার ফল নিখুঁত করতে সরকারি-বেসরকারি যৌথ উদ্যোগ স্থাপন করা যেতে পারে ।

**নয়াদিল্লি**

**৩ নভেম্বর ২০১৪**